রূপালী ব্যাংক লিঃ,
পল্লীঋণ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

ইস্তেহার নং - প্রকা/পল্লীঋণ/০২ তারিখ ঃ ১৩.১২.২০০৯ ইং

সকল শাখা, আঞ্চলিক কার্যালয় ও প্রধান
কার্যালয়ের বিভাগীয় প্রধানগণের প্রতি।

বিষয় ঃ সৌর শক্তি (Solar Energy)ও বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপন ঋণ কর্মসূচী।

দেশে সৌর শক্তির ব্যবহার এবং পরিবেশ বান্ধব বিকল্প জ্বালানী ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ ও গ্যাস ঘাটতি মোকাবেলা এবং প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও জনস্বাস্থ্য সংরক্ষণের স্বার্থে সহজে ও সহজশর্তে সৌরশক্তি ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন এবং সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের জন্য বাংলাদেশ ব্যাংক ,কৃষিঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগের এসিএসপিডি সার্কুলার নং-০৬ তারিখ ০৩.০৮.০৯ ইং এর প্রেক্ষিতে ২৪.১১.০৯ ইং তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮০৪ তম সভায় উক্ত খাত সমূহের জন্য ঋণ নীতিমালা অনুমোদিত হয়। সৌর শক্তি ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের অনুমোদিত ঋণ নীতিমালার বিস্তারিত তথ্যাদি নিম্ন তুলে ধরা হলো ঃ

০১. ঋণ কর্মসূচীর উদ্দেশ্য ঃ

১) দেশে সৌরশক্তির ব্যবহার এবং পরিবেশ বান্ধব বিকল্প জ্বালানী ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ এবং গ্যাস ঘাটতি মোকাবেলা।
২) বিকল্প জ্বালানীর সংস্থান করা।
৩) বাণিজ্যিক ভিত্তিতে বায়োগ্যাস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা।
৪) বন নিধন প্রতিহত করা।

০২. প্রকল্প এলাকা ঃ

রূপালী ব্যাংক লিঃ এর কর্পোরেট শাখা ব্যতীত অন্যান্য সকল শাখার মাধ্যমে এ কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ করা যাবে।

০৩. ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ

১. একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী ব্যক্তি/ পরিবার/প্রতিষ্ঠান।
২. এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী এমন ব্যক্তি/উদ্যোক্তা।
৩. বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন এবং সমন্বিত গরু পালন ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের জন্য নিজস্ব প্রয়োজনীয় জমি থাকতে হবে। সমন্বিত গরুপালন , বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের ক্ষেত্রে লীজ সম্পত্তি গ্রহণযোগ্য। তবে, লীজের মেয়াদ ঋণের মেয়াদের চেয়ে বেশী হতে হবে।
৪. ঋণ প্রার্থীর কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে খেলাপী ঋণ থাকলে এ ঋণের জন্য অযোগ্য হবেন।
৫. ব্যাংক কর্মচারী/কর্মকর্তা ও তাদের পোষ্যবর্গ বা কোন সরকারী চাকুরীজীবি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত এ ঋণের জন্য আবেদন করতে পারবেন না।

০৪. ঋণ নিয়মাচার ঃ

১. সৌরশক্তি **(শহর এলাকার জন্য)**

(ক) সৌর প্যানেলের ক্ষমতাঃ সর্বনিম্ন ১৭০ওয়াট থেকে সর্বোচ্চ ৫২০ওয়াট পর্যন্ত,
(খ) ঋণসীমা ঃ সর্বনিম্ন ৳ ৬০,০০০/-টাকা থেকে সর্বোচ্চ ৳ ১,৭৫,০০০/-টাকা।

২. সৌরশক্তি **(পল্লী এলাকার জন্য)**

(ক) সৌর প্যানেলের ক্ষমতা ঃ
নিজস্ব ব্যবহারে জন্য ঃ সর্বনিম্ন ১০ ওয়াট থেকে সর্বোচ্চ ১৩০ ওয়াট পর্যন্ত , বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহারের জন্য ঃ ৫২০ ওয়াট টার্ণ পর্যন্ত ।
(খ) ঋণসীমা ঃ নিজস্ব ব্যবহারের জন্য সর্বনিম্ন ৳ ১০,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ৳ ৭০,০০০/- টাকা। বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহারের জন্য সর্বোচ্চ ৳ ১,৭৫,০০০/- টাকা।

চলমান পৃষ্ঠা নং-২

৩. **বিদ্যমান গবাদি/পোল্ট্রী (হাঁস-মুরগী)খামারে বায়োগ্যাস (Bio-gas)প্ল্যান্ট স্থাপন।**

(ক) আয়তন সীমা ঃ
- গৃহস্থালী/বাণিজ্যিক ভিত্তিতে বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্য ঃ সর্বনিম্ন ১.২ ঘনমিটার থেকে সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার।

(খ) ঋণসীমা ঃ সর্বনিম্ন ৳ ১৮,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ৳ ৩৬,০০০/- টাকা।

৪. **সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপন ঃ**

(ক) আয়তন সীমা ঃ
- গৃহস্থালী/বাণিজ্যিক ভিত্তিতে বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্যঃ ৪টি উন্নত জাতের গরু এবং সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার বায়োডাইজেস্টার।

(খ) ঋণসীমা ঃ সর্বোচ্চ ৳ ৩,০০,০০০/- টাকা।

০৫. **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ**

ব্যাংকার কাষ্টমার সম্পর্কের ভিত্তিতে মোট স্থাপন খরচের ৪০% উদ্যোক্তাকে নিজস্ব উৎস থেকে বিনিয়োগ করতে হবে।

০৬. **সুদের হার ঃ**

বার্ষিক সুদের হার ৯% , যা সময়ে সময়ে পরিবর্তনশীল। ত্রৈমাসিক ভিত্তিতে সুদ ধার্যযোগ্য।

০৭. **ঋণ পরিশোধের সময়কাল ঃ**

ঋণ গ্রহণের তারিখ হতে অনধিক ৩ (তিন) বছরের মধ্যে সুদ সহ ১২টি ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধযোগ্য।

০৮. **জামানত** ঃ বর্ণিত খাতসমূহে ৫০,০০০/- টাকা পর্যন্ত ঋণ সহায়ক জামানতমুক্ত। তবে এলাকার সম্মানিত/সুশিক্ষিত ও সামাজিকভাবে প্রতিষ্ঠিত এবং ব্যাংকের নিকট গ্রহণযোগ্য তৃতীয় ব্যক্তি ঋণ পরিশোধ গ্যারান্টির বিপরীতে জামিনদাতা থাকবেন। ৫০,০০০/- টাকার উর্ধে ঋণের ক্ষেত্রে ঋণসীমা কভার করে সহায়ক জামানত নিতে হবে। উভয় ক্ষেত্রেই ঋণের টাকায় স্থাপনকৃত প্ল্যান্টের সরঞ্জামাদি ব্যাংকের অনুকূলে হাইপোথিকেশন থাকবে।

০৯. **অনুমোদন ক্ষমতা** ঃ ৫০,০০০/- টাকা পর্যন্ত ঋণ শাখা ব্যবস্থাপকের ক্ষমতায় এবং ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ আঞ্চলিক প্রধান এর ক্ষমতায় অনুমোদনযোগ্য। ব্যাংক এনজিও-লিংকেজ ঋণ কর্মসূচীর আওতায় পর্ষদের ক্ষমতায় এনজিওদের ঋণ দেওয়া যেতে পারে।

১০. **ঋণ বিতরণ পদ্ধতি ঃ**

মঞ্জুরী পত্রের ব্যবস্থাপক কর্তৃক সরেজমিনে তদন্ত পূর্বক উদ্যোক্তার ইকুইটি বিনিয়োগ নিশ্চিত হওয়ার ঋণগ্রহীতাকে সুবিধাজনক কিস্তিতে নগদে ঋণের টাকা প্রদান করা যাবে। বিতরণকৃত কিস্তির টাকা সদ্ব্যবহার নিশ্চিত হওয়ার পর পরবর্তী কিস্তির টাকা বিতরণ করা যাবে। প্ল্যান্ট স্থাপন/নির্মাণ কার্যাদি সম্পন্ন না হওয়া পর্যন্ত/নির্মাণ কার্যাদি সম্পন্ন না হওয়া পর্যন্ত সার্বক্ষণিক তদারকি পূর্বক কার্যাদি সম্পাদন নিশ্চিশ করতে হবে।

১০. **বরাদ্দ ঃ**

উক্ত কর্মসূচীর আওতায় ২০০৯-২০১০ ইং সনে ঋণ বিতরণের লক্ষ্যে প্রতিটি অঞ্চলের জন্য ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত ঋণ যথাযথ ব্যবহারের পর প্রয়োজনে চাহিদা অনুযায়ী বরাদ্দ বৃদ্ধি করা যেতে পারে। আঞ্চলিক বরাদ্দ হতে সংশ্লিষ্ট শাখাসমূহকে পুনঃবরাদ্দ করে অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।

চলমান পৃষ্ঠা নং-৩

১২. **ঋণ আবেদনপত্র ঃ**

পরিশিষ্ট - ‘ক’ মোতাবেক আবেদন পত্র ব্যবহার করতে হবে।

বিতরণকৃত ঋণ কৃষি/পল্লীঋণ হিসাবে জেনারেল লেজারে ও এফেয়ার্সে রুরাল ক্রেডিট খাতের অন্তর্ভূক্ত করে এবং মাসিক টোটাল লেনডিং পজিশন বিবরণীতে আলাদা খাত হিসাবে দেখাতে হবে। সরকার গৃহীত বিশেষ কর্মসূচীতে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান পূর্বক উপরোক্ত নীতিমালার আওতায় নর্মস ও বরাদ্দ যথাযথ অনুসরণ করে ঋণ অনুমোদন/ বিতরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণের ক্ষেত্রে দুর্নীতি/ কারচুপি , অহেতুক কালক্ষেপন ও অনিয়মের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হলো। শাখা হতে তদারকী নিশ্চিত করা যায় এমন দুরত্বের মধ্যে সার্ভে সম্পাদন পূর্বক প্রকৃত ঋণ উদ্যোক্তা খুঁজে বের করে ঋণ বিতরণ করতে হবে। এ ব্যাপারে কোন সমস্যা সৃষ্টি হলে সরাসরি অত্র বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো ।

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্হাপক ।

পরিশিষ্ট-‘ক’

ব্যবস্থাপক ,
রূপালী ব্যাংক লিঃ,
.... শাখা ,
.... ।

সত্যায়িত ছবি

বিষয় ঃ সৌরশক্তি/বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট/সমন্বিত গরু পালন ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের আবেদন ।

০১. আবেদনকারীর পূর্ণ বিবরণ (ব্যক্তি/ব্যক্তিমালিকানাধীন ফার্মের ক্ষেত্রে)

ফার্মের নাম ও ঠিকানা ঃ

ক)

ক) মালিকের/আবেদনকারীর নাম ঃ
খ) পিতা/স্বামীর নাম ঃ
গ) মাতার নাম ঃ
ঘ) জাতীয় পরিচয়পত্র নং ঃ
ঙ) বয়স ঃ
চ) বর্তমান ঠিকানা ঃ
গ্রাম ঃ
ডাকঘর ঃ
থানা ঃ
জেলা ঃ

ছ) স্থায়ী ঠিকানা ঃ
গ্রাম ঃ
ডাকঘর ঃ
থানা ঃ
জেলা ঃ
শিক্ষাগত যোগ্যতা ঃ
বর্তমান পেশা ও অভিজ্ঞতা ঃ

খ)

ক) মালিকের/আবেদনকারীর নাম ঃ
খ) পিতা/স্বামীর নাম ঃ
গ) মাতার নাম ঃ
ঘ) জাতীয় পরিচয়পত্র নং ঃ
ঙ) বয়স ঃ
চ) বর্তমান ঠিকানা ঃ
গ্রাম ঃ
ডাকঘর ঃ
থানা ঃ
জেলা ঃ

ছ) স্থায়ী ঠিকানা ঃ
গ্রাম ঃ
ডাকঘর ঃ
থানা ঃ
জেলা ঃ
শিক্ষাগত যোগ্যতা ঃ
বর্তমান পেশা ও অভিজ্ঞতা ঃ

০২. জমির বিবরণ ঃ
(যে জমিতে প্ল্যান্ট স্থাপিত হবে তার বিবরণ) ।

মালিকের নাম	জেলা	থানা	মৌজা	জে,এল নং	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ	বাজার মূল্য	তাৎক্ষণিক বিক্রয়মূল্য

২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩. বায়োগ্যাস প্ল্যান্টে সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্ল্যান্টের জন্য মোট আয় ও ব্যয় ঃ

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
ক.	**স্থায়ী ব্যয় (আবর্তক ব্যয়)**			
১.	গরুর ঘর নির্মাণ			
	গরুর ঘর (প্রতিটির জন্য ৪০ বঃফুঃ হিসাবে)			
	উপমোট ঃ			
খ.	**অনাবর্তক ব্যয়**			
১.	গরু ক্রয়			
২.	খাদ্য বাবদ ব্যয়			
	ক) কাঁচা ঘাস (প্রতি গরু ১৫ কেজি হিসাবে প্রতিদিন)			
	খ) শুকনা খড় (প্রতি গরু ৪.৫ কেজি হিসাবে প্রতিদিন)			
	গ) মিশ্র দানাদার খাদ্য (প্রতি গরু ৩ কেজি হিসাবে প্রতিদিন)			
	ঘ) ইউরিয়া (প্রতিদিন ৩০ গ্রাম হিসাবে)			
	ঙ) নালী গুড়/চিটা গুড় (প্রতিদিন প্রতিটির জন্য ৩০০ গ্রাম হিসাবে)			
	চ) ঔষধ			
উপমোট ঃ				
গ.	**বায়ো গ্যাস প্ল্যান্ট স্থাপন খরচ**			
সর্বমোট খরচ ঃ (ক+খ+গ) ঃ				
	সম্ভাব্য আয় ঃ			
	ক) গরু বিক্রয় (প্রতি ৪ মাসে ৪টি)			
	খ) গ্যাস হতে আয়			
সর্বমোট আয় ঃ				
	নীট আয়			

ঋণ ইকুইটি অনুপাত ঃ

০৪. প্রার্থীত ঋণের পরিমাণ ঃ

০৫. ঋণের মেয়াদ ঃ

০৬. পরিশোধ পদ্ধতি ঃ

০৭. সহায়ক জামানতের বিবরণ ঃ (প্রযোজ্য ক্ষেত্রে)

মালিকের নাম	জেলা	থানা	মৌজা	জে,এল নং	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ	বাজার মূল্য	তাৎক্ষণিক বিক্রয়মূল্য

০৮. আবেদনকারী/উদ্যোক্তাদের দায়দেনা ঃ (যদি থাকে)

ক্রমিক নং	নাম	ব্যাংকের নাম ও শাখা	ঋণের প্রকৃতি , পরিমাণ , গ্রহণের তারিখ ও মেয়াদ	বর্তমানে অপরিশোধিত ঋণের পরিমাণ	খেলাপীঋণের পরিমাণ

৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৯. স্বীকারোক্তি/অঙ্গীকারপত্র ঃ

ক) আমি/আমরা .... ব্যাংক কর্তৃক নির্ধারিত সুদ হারে ঋণ গ্রহণ করার জন্য আবেদন করছি। ঋণ গ্রহণ পূর্বক আমি/আমরা যে উদ্দেশ্যে ঋণ গ্রহণ করছি সেই কাজেই ব্যয় করবো। ঋণ কর্মসূচীর যাবতীয় নিয়মকানুন আমি/আমরা মেনে চলবো ও ব্যাংকের নির্দেশনাবলী (বর্তমানে ও ভবিষ্যতে পরিবর্তনীয়) মেনে চলতে বাধ্য থাকবো।

আবেদনপত্রে বর্ণিত যাবতীয় তথ্য আমার/আমাদের জ্ঞানমতে সম্পূর্ণ সত্য। আমি/আমরা স্বেচ্ছায় স্বজ্ঞানে এবং অন্য কাহারো বিনা প্ররোচনায় একান্ত নিজস্ব উৎপাদন/উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়নকল্পে ঋণ গ্রহণের জন্য অত্র আবেদন করছি।

আবেদনে বর্ণিত যে কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা/বানোয়াটি বা প্রতারণামূলক বলে প্রমাণিত হলে ব্যাংক কর্তৃপক্ষ দেশের প্রচলিত আইনের মাধ্যমে ব্যবস্হা গ্রহণ করতে পারবে।

আমি/আমরা আবেদনকারী এই মর্মে স্বীকারোক্তি করছি যে , প্রাপ্ত ঋণের অর্থে ক্রয়কৃত , সংগৃহীত ও উৎপাদিত মালামাল ব্যাংকের নিকট বন্ধকী থাকবে।

সুদসহ ঋণের কিস্তি পরিশোধে অপারগ হলে অথবা ঋণ কর্মসূচীর নিয়মের পরিপন্হী কোন কাজ করলে ব্যাংক প্রকল্পের যাবতীয় যন্ত্রপাতি ও কাঁচামাল সহ প্রকল্প অধিগ্রহণ করতে পারবে।

আমি/আমরা এই মর্মে ঘোষণা করছি যে , অন্য কোন ব্যাংকে/আর্থিক প্রতিষ্ঠানে/সংস্হায় আমার/আমাদের নামে কোন ঋণ নাই এবং রূপালী ব্যাংকে কোন খেলাপী ঋণ নাই।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি

১) নাম ঃ
ঠিকানাঃ
স্হান ঃ
তারিখঃ

২) নাম ঃ
ঠিকানাঃ
স্হান ঃ
তারিখঃ

স্বাক্ষী ঃ

১. নাম ও ঠিকানা স্বাক্ষর ঃ

২. নাম ও ঠিকানা স্বাক্ষর ঃ

১. কর্মকর্তার সুপারিশ ঃ

২. শাখা ম্যানেজারের সুপারিশ/অনুমোদন ঃ

৩. আঞ্চলিক কার্যালয়ের অনুমোদন ঃ